

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১১৯০

২৯. তালাক অধ্যায় (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১২. খুলা তালাক ও উহার ইদ্দত

بَابِ طَلَاقِ الْمُخْتَلِعَةِ

আরবী

حَدَّتَنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ نَافِعٍ أَنَّ رُبَيِّعَ بِنْتَ مُعَوَّذِ بْنِ عَفْرَاءَ جَاءَتْ هِيَ وَعَمُّهَا إِلَى عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ فَأَخْبَرَتْهُ أَنَّهَا اَخْتَلَعَتْ مِنْ زَوْجِهَا فِي زَمَانِ عُثْمَانَ بْنِ عَفَّانَ فَبَلَغَ ذَلِكَ عُثْمَانَ بْنَ عَفَّانَ فَلَمْ يُنْكِرْهُ وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ عِدَّتُهَا عِدَّةُ الْمُطَلَّقَةِ وَحَدَّتَنِي عَنْ مَالِك أَنَّهُ بَلَغَهُ أَنَّ سَعِيدَ بْنَ الْمُسَيَّبِ وَسُلَيْمَانَ بْنَ يَسَارٍ وَابْنَ شِهَابٍ كَانُوا يَقُولُونَ عِدَّةُ الْمُخْتَلِعَةِ مِثْلُ عِدَّةِ الْمُطَلَّقَةِ ثَلَاثَةُ قُرُوءٍ قَالَ مَالِك فِي الْمُفْتَدِيةِ إِنَّهَا لَا تَرْجِعُ لِلْكَ زَوْجِهَا إِلَّا بِنِكَاحٍ جَدِيدٍ فَإِنْ هُو نَكَحَهَا فَفَارَقَهَا قَبْلَ أَنْ يَمَسَّهَا لَمْ يَكُنْ لَهُ عَلَيْهَا عِدَّةً إِلَى زَوْجِهَا إِلَّا بِنِكَاحٍ جَدِيدٍ فَإِنْ هُو نَكَحَهَا فَفَارَقَهَا قَبْلَ أَنْ يَمَسَّهَا لَمْ يَكُنْ لَهُ عَلَيْهَا عِدَّةً مِنْ الطَّلَاقِ الْأَدِي وَهَذَا أَحْسَنُ مَا سَمِعْتُ فِي ذَلِكَ مِنْ الطَّلَاقِ الْأَولَى قَالَ مَالِك وَهَذَا أَحْسَنُ مَا سَمِعْتُ فِي ذَلِكَ مِنْ الطَّلَاقِ الْأَولَى قَالَ مَالِك وَهَذَا أَحْسَنُ مَا سَمِعْتُ فِي ذَلِكَ عَلَى أَنْ يُطَلِقُهَا فَطَلَقَهَا طَلَاقًا مُتَتَابِعًا فَالَ مَالِك إِذَا افْتَدَتْ الْمَرْأَةُ مِنْ زَوْجِهَا بِشِيْءٍ عَلَى أَنْ يُطَلِقَهَا فَطَلَّقَهَا طَلَاقًا مُتَتَابِعًا فَذَلِكَ ثَابِتٌ عَلَيْهِ فَإِنْ كَانَ بَيْنَ ذَلِكَ صَمُّاتٌ فَمَا أَتْبَعَهُ بَعْدَ الصَمُّمَاتِ فَلَيْسَ بِشَيْءٍ فَلَا قَذَلِكَ ثَابِتٌ عَلَيْهِ فَإِنْ كَانَ بَيْنَ ذَلِكَ صَمُّاتٌ فَمَا أَتْبَعَهُ بَعْدَ الصَمُّمَاتِ فَلَيْسَ بِشَيْءٍ

বাংলা

রেওয়ায়ত ৩৩. নাফি' (রহঃ) হইতে বর্ণিত, রুবাইয়ে বিনত মুয়াবিবেয ইবন আফরা (রাঃ) তাহার ফুফুসহ আবদুল্লাহ্ ইবন উমর (রাঃ) সমীপে উপস্থিত হইলেন এবং তাহাকে জ্ঞাত করিলেন যে, তিনি তাহার স্বামীর নিকট হইতে খুলা তালাক গ্রহণ করিয়াছেন। উসমান ইবন আফফান (রাঃ)-এর খিলাফতকালে উসমান ইবন আফফান (রাঃ) উহা অবগত হইলেন এবং উহা বহাল রাখিলেন। আবদুল্লাহ্ ইবন উমর (রাঃ) বলিলেনঃ খুলা গ্রহণ করিবার ইদ্দত তালাক প্রাপ্তা স্ত্রীলোকের ইদ্দতের মতো।

মালিক (রহঃ) বলেনঃ তাহার নিকট রেওয়ায়ত পৌছিয়াছে যে, সাঈদ ইবন মুসায়্যিব, সুলায়মান ইবন ইয়াসার ও ইবন শিহাব (রহঃ) তাহারা সকলেই বলিতেনঃ খুলা' তালাকপ্রাপ্ত স্ত্রীলোকের ইদ্দত তালাকপ্রাপ্তা স্ত্রীলোকের মতো তিন ঋতু।

মালিক (রহঃ) বলেনঃ যে স্ত্রীলোক মালের বিনিময়ে তালাক গ্রহণ করিয়াছে, সে নৃতন বিবাহ ছাড়া স্বামীর নিকট



যাইবে না। যদি স্বামী সেই স্ত্রীলোককে বিবাহ করে এবং স্পর্শ করার পূর্বে তালাক প্রদান করে তবে স্ত্রীলোকের জন্য পরবর্তী তালাকের ইদ্দত পালন করিতে হইবে না। প্রথম তালাকের ইদ্দতের সময় পূর্ণ করিবে। মালিক (রহঃ) বলেনঃ এই বিষয়ে যাহা আমি শুনিয়াছি তন্মধ্যে ইহাই সর্বোত্তম।

মালিক (রহঃ) বলেনঃ যে স্ত্রী স্বামীকে এই শর্তে মাল প্রদান করিল যে, সে তাহাকে তালাক দিবে; অতঃপর সে একাধারে (তিন তালাক) প্রয়োগ করিল, তবে এই সব তালাকই প্রযোজ্য হইবে। আর যদি তালাকের মাঝখানে নীরবতা পাওয়া যায়, তবে নীরবতার পর যেই তালাক দিয়াছে উহা গ্রহণযোগ্য হইবে না।

English

Yahya related to me from Malik from Nafi that Rubayyi bint Muawwidh ibn Afra came with her paternal uncle to Abdullah ibn Umar and told him that she had divorced her husband for a compensation in the time of Uthman ibn Affan, and he heard about it and did not disapprove. Abdullah ibn Umar said, "Her idda is the idda of a divorced woman."

Yahya related to me from Malik that he had heard that Said ibn al-Musayyab and Sulayman ibn Yasar and Ibn Shihab all said that a woman who divorced for a compensation had the same idda as a divorced woman - three periods.

Malik said that a woman who ransomed herself could not return to her husband except by a new marriage. If someone married her and then separated from her before he had intercourse with her, there was no idda against her from the recent marriage, and she rested on her first idda.

Malik said, "That is the best that I have heard on the matter."

Malik said, "If, when a woman offers to compensate her husband, he divorces her straightaway, then that compensation is confirmed for him. If he makes no response, and then at a later date, does divorce her, he is not entitled to that compensation."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন